ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৪৩
আগরতলা,২৬ আগস্ট,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘রইস্যাবাড়ি সীমান্তকে করিডর, বাড়ছে পাচার, ফুঁসছে জনগণ’ শিরোনামে ২১-০৮-২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে এক স্পষ্টিকরণ দিয়ে ধলাই জেলার পুলিশ সুপার জানিয়েছেন, জেলা পুলিশ এবং রইস্যাবাড়ির পুলিশ কর্মীরা রইস্যাবাড়ি থানা এলাকায় যৌথ অভিযান চালিয়ে থাকেন। কখনও কখনও টি.এস.আর. এবং বি.এস.এফ.ও যোগ দেয় অভিযানে। বি.এস.এফ.-এর সাথে মিলে সি.কে. বাড়ি সীমান্তে যাওয়ার রাস্তায় নাকা পয়েন্টে গাড়িগুলির তল্লাসীও করা হয়ে থাকে। রইস্যাবাড়ির পুলিশ ও টি.এস.আর. কর্মীরা এস.কে. পাড়া, সিকন্দর ও করিনা বি.ও.পি. এলাকায় সীমান্তবর্তী গ্রামগুলিতে টহলদারি করেন পাচার বাণিজ্য প্রতিরোধ করার লক্ষ্যে। যৌথ অভিযানে রইস্যাবাড়ি সীমান্ত এলাকা থেকে ২০টি গরু উদ্ধার করা হয় (২৭-০৫-২০২৫) তারিখে, ২৮ কেজি শুকনো গাঁজা এবং ৯৮ বোতল বিদেশি মদ (২২-০২-২০২৫ তারিখে) এবং ৩৫টি কাপড়ের বান্ডিল উদ্ধার করা হয় ৩০-০৪-২০২৫ তারিখে। তেমনি সেদিন ২৭২টি সিগারেট প্যাকেট ও বাজেয়াপ্ত করা হয় সীমান্ত এলাকা থেকে।

পুলিশ সুপার জানান, টি.এস.আর.-এর সাথে যৌথ অভিযান বজায় রয়েছে এবং তাই পাচার ও বেআইনি অনুপ্রবেশ ঘটার কোনও সুযোগ নেই। ২১-০৮-২০২৫ তারিখে দৈনিক সংবাদে প্রকাশিত সংবাদটি সত্য নয় এবং ভিত্তিহীন।

*****